

ব্যাংক পরিদর্শন বিভাগ-২
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

ব্যাপবি-২/উবি-১/সাকুলার নং-১

তারিখঃ ১৩-০৯-১৪১৭ বাং
২৭-১২-২০১০ ইং

প্রধান নির্বাহী

বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক/কর্মসংস্থান ব্যাংক/গ্রামীণ ব্যাংক/
আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক।

প্রিয় মহোদয়,

বিশদ পরিদর্শন প্রতিবেদনে সন্নিবেশিত গুরুতর আপত্তি/অনিয়মসমূহ
পরিপালন/নিয়মিতকরণ কার্যক্রম জোরদারকরণার্থে সংশ্লিষ্ট
ব্যাংকের সাথে সভা অনুষ্ঠান প্রসংগে।

ব্যাংক পরিদর্শন বিভাগ-১ ও ২ কর্তৃক পরিচালিত বিশদ পরিদর্শনে উদঘাটিত গুরুতর আপত্তি/অনিয়মসমূহের নিয়মিতকরণ, সংশোধন ও ক্ষেত্রভেদে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ কার্যক্রম জোরদারকরণার্থে বাংলাদেশ ব্যাংক ও পরিদর্শিত প্রতিষ্ঠানসমূহের সাথে এখন থেকে নিয়মিতভাবে বাংলাদেশ ব্যাংকে সংশ্লিষ্ট বিভাগীয় পর্যায়ে আলোচনা সভা/মত বিনিময় সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্তে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণীয় হবেঃ

১. প্রত্যেক তফসিলী ব্যাংক/বিশেষায়িত ব্যাংক তাদের ইন্টারনাল কন্ট্রোল এন্ড কমপ্লায়েন্স (আইসিসি) এর প্রধান/পরিদর্শন পরিপালন সংশ্লিষ্ট বিভাগ/উপ-বিভাগের ন্যূনতম উপ-মহাব্যবস্থাপক পর্যায়ের একজন কর্মকর্তাকে এ বিষয়ে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে লিয়াজেঁঁ কর্মকর্তা হিসেবে মনোনীত করে বাংলাদেশ ব্যাংকের ব্যাংক পরিদর্শন বিভাগ-১ অথবা ২ (ব্যাংক সংশ্লিষ্ট পরিদর্শন বিভাগ)-কে অবহিত করবে। মনোনীত লিয়াজেঁঁ কর্মকর্তা সংশ্লিষ্ট ব্যাংক হতে তাঁর বিবেচনামত উপযুক্ত/সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে সম্যক অবহিত কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত একটি টীমসহ ক্ষেত্রভেদে ব্যাংক পরিদর্শন বিভাগ-১ অথবা ২ আয়োজিত সভায় যোগদান করবেন। বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত পরিদর্শন প্রতিবেদনে উত্থাপিত সকল গুরুতর আপত্তি/অনিয়ম ও এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংকের পরামর্শ ইত্যাদি বিষয় এবং পরিপালন কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি সম্পর্কে উত্তমরূপে অবহিত হয়ে ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র/দলিলপত্রাদিসহ লিয়াজেঁঁ কর্মকর্তাকে সভায় উপস্থিত হতে হবে। এ বিষয়ে আলোচনা/পর্যালোচনার পর সভায় গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ লিয়াজেঁঁ কর্মকর্তা সরাসরি ঐ তফসিলী ব্যাংক/বিশেষায়িত ব্যাংক এর ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তাকে রিপোর্ট করবেন এবং যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ/সংশোধন/প্রতিকার ত্বরান্বিতকরণ নিশ্চিত করবেন;
২. ত্রৈমাসিক ভিত্তিতে সভা অনুষ্ঠিত হবে এবং সভা অনুষ্ঠানের পূর্বে তা সংশ্লিষ্ট তফসিলী ব্যাংক/বিশেষায়িত ব্যাংককে অবহিত করা হবে;
৩. অত্র সাকুলার প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে ব্যাংকসমূহকে এতদুদ্দেশ্যে তাদের মনোনীত লিয়াজেঁঁ কর্মকর্তার নাম, পদবী ও টেলিফোন নম্বরসহ বিস্তারিত যোগাযোগের ঠিকানা ব্যাংক পরিদর্শন বিভাগ (ব্যাংক পরিদর্শন বিভাগ-১ অথবা ২)-কে জানানোর জন্য পরামর্শ দেয়া হলো।

এ ব্যবস্থা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হুমায়ুন কবীর)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১২৪২৪৩